দৈনিক সংবাদ

তারিখ ...24 JAN. 1998... ...
পৃষ্ঠা 1 কলাম ... 2 ......

ভর্তি ঃ মন্ত্রণালয় বনাম অধিদপ্তর

# রাজধানীর ৭টি স্কুলে ১০ ভাগ কোটা রাখার সিদ্ধান্ত কার্যকর হয়নি

।। কাশেম হুমায়ূন ।।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের সিদ্ধান্তের কারণে ঢাকার ৭টি নামকরা স্কুলের ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য সরকারি প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের ১০ ভাগ কোটা সংরক্ষণের সিদ্ধান্ত কার্যকর হয়নি।

শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ চলতি ১৯৯৮ শিক্ষাবর্ষে ঢাকার সরকারি ও বেসরকারি স্কুলের ৬ষ্ঠ শ্রেণীর শতকরা ১০ ভাগ আসন রাজধানীর প্রাথমিক স্কুলগুলোর ৫ম শ্রেণী থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মেধার ভিত্তিতে ভর্তির জন্য সংরক্ষিত রাখার সিদ্ধান্ত নেয়। শিক্ষা মন্ত্রণালয় এই সিদ্ধান্ত কার্যকর করার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরকে নির্দেশ দেয়। তবে, অধিদপ্তর রাজধানীর ৭টি নামকরা সরকারি ও বেসরকারি স্কুলকে বাদ দিয়ে বাকি সব স্কুলে সরকারি প্রাথমিক স্কুল থেকে ৫ম শ্রেণীতে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির নির্দেশ দেয়। যে ৭টি স্কুল বাদ দেয়া হয়েছে সেগুলো হচ্ছে ঃ হলিক্রস, আই-ডিয়াল, ভিকারুন্নেসা নুন, সেন্ট জোসেফ, ইউনিভার্সিটি ল্যাবরেটরি, উইলস্ লিটল ফ্লাওয়ার এবং ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল।

সংশ্লিষ্ট একটি সূত্র জানান ঃ সরকারি ল্যাবরেটরি, ইসলামিয়া সরকারি এবং নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে কোন শূন্য আসন নেই বলে জানানো হয়েছে। বাকি ২১টি স্কুলে ৬ষ্ঠ শ্রেণীতে ১০ ভাগ সিট সরকারি প্রাথমিক স্কুলগুলোর ৫ম শ্রেণী থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মেধার ভিত্তিতে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য আসন নির্দিষ্ট করে রাখা হয়েছে।

সূত্রটি জানান ঃ রাজধানীর প্রাথমিক স্কুলগুলো থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য ৭টি নামকরা স্কুলকে বাদ দেয়ায় শিক্ষা মন্ত্রণালয় ক্ষোভ প্রকাশ করেছে। এই ৭টি স্কুলে যাতে প্রাইমারি স্কুলের ছাত্রছাত্রীরা ভর্তি হতে পারে সেজন্য মন্ত্রণালয় উদ্যোগ নিয়েছে।

সিদ্ধান্ত ঃ পৃঃ ১১ কঃ ৭

## সিদ্ধান্ত ঃ কার্যকর হয়নি

( ১ম পৃষ্ঠার পর )

ঢাকার ৩২৪টি সরকারি প্রাথমিক স্কুলে নিম্নবিত্ত পরিবারের সন্তানরাই পড়াশোনা করে। মেধাবী হওয়া সত্ত্বেও ৬ষ্ঠ শ্রেণীতে সরকারি প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীরা ঢাকার নামকরা স্কুলে ভর্তি হতে পারে না। সরকারি প্রাথমিক স্কুলের মেধাবী ছাত্রছাত্রীদের নামকরা স্কুলগুলোতে ভর্তির সুযোগ প্রদান এবং শিক্ষা বিস্তারের লক্ষ্যে চলতি ১৯৯৮ শিক্ষাবর্ষ থেকে রাজধানীর সব স্কুলের ৬ষ্ঠ শ্রেণীর শতকরা ১০ ভাগ আসন সংরক্ষিত রাখার সিদ্ধান্ত নেয়া হয়।

আগামী বছর থেকে দেশের সব স্কুলের ৬ষ্ঠ শ্রেণীতে ১০ ভাগ আসন সরকারি প্রাথমিক স্কুল থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ভর্তির জন্য সংরক্ষিত রাখার চিন্তাভাবনা হচ্ছে।